




তারুণ্যের বই উৎসব : লেখক-পাঠক আড্ডা শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত



গত ৮ আগস্ট তারুণ্য স্বেচ্ছাসেবীদের সংগঠন ইয়ুথ এন্ডিং হাস্কার-এর আয়োজনে 'তারুণ্যের বই উৎসব : লেখক-পাঠক আড্ডা' শীর্ষক একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। সংগঠনটির আয়োজনে বিগত এপ্রিল থেকে চলমান 'বই পড়া ও রিভিউ লেখা প্রতিযোগিতা'র সংগঠক এবং সেরা পাঠকদের সাথে আলোচনায় মিলিত হন প্রখ্যাত কথাসাহিত্যিক, দৈনিক প্রথম আলোর সহযোগী সম্পাদক আনিসুল হক এবং দি হাস্কার প্রজেক্ট-এর



কান্ট্রি ডিরেক্টর ও গ্লোবাল ভাইস প্রেসিডেন্ট ড. বদিউল আলম মজুমদার। আরও অংশগ্রহণ করেন প্রতিযোগিতার বিচারক কলেজ শিক্ষক মো. আজহারুল ইসলাম দুলাল, মশিউর রহমান হুদা ও মীর আবু সালেহ মো. শিশির এবং ইয়ুথ এন্ডিং হাস্কারের নেতৃবৃন্দ।



দি হাস্কার প্রজেক্ট এর কর্মসূচি সমন্বয়কারী শশাঙ্ক বরণ রায়ের সঞ্চালনায় অনুষ্ঠিত ওয়েবিনারে বই উৎসব এবং স্বেচ্ছাসেবী তারুণ্যদের সামাজিক উদ্যোগের কথা তুলে ধরেন ইয়ুথ এন্ডিং হাস্কার-এর জাতীয় সমন্বয়কারী মিশাল বিন সলিম, বই উৎসবের সমন্বয়ক রাফিউ আহমেদ, ইয়ুথ মোবাইলাইজেশন ইউনিটের আমজাদ হোসেন রাজিব। এছাড়াও আলোচনায় অংশ নেন আরশি হোর, মহসিন আহমেদ, সুমাইয়া সুলতানা দিবারাত্রি, আবিব নোমান, আসিফ



জুবায়ের, নাইমুল হাসান, খন্দকার ফারজানা প্রমুখ। আলোচনায় তারা বই উৎসব আয়োজনের মাধ্যমে করোনাসংকটে গৃহবন্দী তারুণ্যদের বই পড়ার সাথে যুক্ত করতে তাদের উদ্যোগের কথা জানান। তারা উল্লেখ করেন, গত চার মাসে অনুষ্ঠিত পাঁচটি পর্বে সারা দেশ থেকে দুই সহস্রাধিক পাঠক




অংশগ্রহণ করে বই পড়েছেন এবং বইয়ের উপর পর্যালোচনা লিখে জমা দিয়েছেন। তাদের মধ্য থেকে বিভাগীয় এবং

জাতীয় পর্যায়ে সেরা পাঠক নির্বাচন করে পুরস্কৃত করা হচ্ছে।

আলোচনায় কথাসাহিত্যিক আনিসুল হক তারুণ্যদের বই পড়া নিয়ে এরকম একটি উৎসবের আয়োজনের জন্য সন্তোষ প্রকাশ করেন। তিনি একটি মেধাভিত্তিক জাতি গঠনে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি তারুণ্যদের পড়ার সাথে সাথে চিন্তা এবং লেখার চর্চা চালিয়ে যেতে উৎসাহিত করেন।

ড. বদিউল আলম মজুমদার তারুণ্যদের নিজস্ব চিন্তার বিকাশ এবং সমাজ গঠনে অবদান রাখার জন্য সাধুবাদ জানান। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সামাজিক দায়বদ্ধতার চেতনা থেকে সক্রিয় স্বেচ্ছাসেবী তারুণ্যদের নেতৃত্বেই গড়ে উঠবে আমাদের স্বপ্নের বাংলাদেশ।



জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ওয়েবিনারটি ইয়ুথ এন্ডিং হাস্কারের ফেসবুক পেইজ থেকে সরাসরি সম্প্রচার করা হয়। উল্লেখ্য, দি হাস্কার প্রজেক্ট বাংলাদেশের অনুপ্রেরণা ও সহায়তায় সারা দেশের তারুণ্যদের প্রশিক্ষিত ও সংগঠিত করার মাধ্যমে ইয়ুথ এন্ডিং হাস্কার তারুণ্য নির্ভর সামাজিক আন্দোলন পরিচালনা করছে।

এলাকা এবং শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সংগঠিত এই তারুণ্য নিজেদের বিকাশ এবং সামাজিক উন্নয়নের জন্য স্বেচ্ছাসেবী হিসেবে নানাবিধ উদ্যোগ পরিচালনা করছে, যার অন্যতম হচ্ছে এই তারুণ্যের বই উৎসব।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাস্কার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাস্কার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org

www.yeh.thpbd.org | thpbd.org

[facebook.com/YEHB](https://www.facebook.com/YEHB)

হেবাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE
HUNGER
PROJECT